

■ সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩০১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩০২]

পর্ব-১৩: সাতু (ভুল) (كتاب السهو)

পরিচ্ছেদঃ ৫৮: যিকরের পর দু'আ করা

باب الدعاء بعد الذكر

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ يَزِيدَ أَبُو بُرِيدٍ الْبَصْرِيُّ، عَنْ عَبْدِ الصَّمَدِ بْنِ عَبْدِ الْوَارِثِ، قَالَ: حَدَّثَنَا أَبِي، قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ الْمُعْلَمُ، عَنْ أَبْنِ بُرِيدَةَ، قَالَ: حَدَّثَنِي حَنْظَلَةُ بْنُ عَلَيٍّ، أَنَّ مِحْجَنَ بْنَ الْأَذْرَعِ حَدَّثَهُ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ الْمَسْجِدَ، إِذَا رَأَجُلٌ قَدْ قَضَى صَلَاتَهُ وَهُوَ يَتَشَهَّدُ، فَقَالَ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ يَا أَللَّهُ بِأَنَّكَ الْوَاحِدُ الْأَحَدُ الصَّمَدُ، الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ وَلَمْ يَكُنْ لَّهُ كُفُواً أَحَدٌ، أَنْ تَغْفِرَ لِي ذُنُوبِي إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَدْ غُفِرَ لَهُ ثَلَاثًا .

تخریج دارالدعوه: سنن أبي داود/الصلاۃ ۱۸۲ (۹۸۵)، مسند احمد ۲/۳۳۸، (تحفة الأشراف: ۱۱۲۱۸) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1302 - صحيح

বাংলা

১৩০১. 'আমর ইবনু ইয়ায়ীদ আবু বুরায়দ আল বাসরী (রহ.) মিহজান ইবনু আদরা' (রাঃ) হতে বর্ণিত।
রাসূলুল্লাহ (সা.) (একদিন) মসজিদে প্রবেশ করে দেখলেন যে, এক ব্যক্তি তাশাঞ্চল পড়ে সালাত শেষ করার
সময় বলল -

“আল্ল-হ্যাঁ ইন্নী আসআলুকা ইয়াল্ল-হ্য বিআল্লাকাল ওয়া-হিদুল আহাদুস সমাদুল্লায়ী লাম ইয়ালিদ ওয়ালাম ইউলাদ
ওয়ালাম ইয়াকুল্লাহ কুফুওয়ান আহাদুন আন তাগফিরালী যুনুবী ইন্নাকা আনতাল গফুরুর রহীম।”

(হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট প্রার্থনা করছি, হে একক ও অমুখাপেক্ষী আল্লাহ! যিনি জনক নন জাতকও
নন (তিনি কাউকে জন্ম দেননি আবার কারো থেকে তিনি জন্মও নেননি) এবং যার সমকক্ষ কেউ নেই, তুমি

আমার গুনাহসমূহকে ক্ষমা করে দাও, নিশ্চয় তুমি ক্ষমাশীল দয়াবান !)।

তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, তাকে ক্ষমা করে দেয়া হয়েছে। এ বাক্যটি তিনি তিনবার বললেন।

English

58. Supplication After Remembrance

Hanzalah bin 'Ali narrated that: Mihjan bin Al-Adra' narrated to him that the Messenger of Allah (ﷺ) entered the masjid and there was a man who had finished his prayer and he was reciting the tashahhud. He said: Allahumma inni as'aluka ya Allah! Bi-annakal-Wahidul-Ahad us-Samad, alladhi lam yalid wa lam yowled, wa lam yakun lahu kufuhan ahad, an taghfirali dhunubi, innaka antal-Ghafurur-Rahim (O Allah, I ask of You, O Allah, as You are the One, the Only, the Self-Sufficient Master, Who begets not nor was He begotten, and there is None equal or comparable to Him, forgive me my sins, for You are the Oft-Forgiving, Most Merciful.) The Messenger of Allah (ﷺ) said: He has been forgiven, three times.

ফুটনোট

সহীহ: আবু দাউদ ১৮৫, মুসনাদে আহমাদ ১৮৯৯৫, সহীহ ইবনু খুয়ায়মাহ ৭২৪, সহীহ আবু দাউদ ১০৫।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মিহজান ইবনুল আদরা' (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87695>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন